

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির ফেব্রুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ভাইস চেয়ারম্যান (সাধারণ), টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ।

সভার স্থান : সদস্য সচিবের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ১৩/০২/২০২৩ ইং, সময় : বেলা ১১ঃ০০ ঘটিকায়।


উপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট - 'ক'।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব মুহাম্মদ হুমায়ুন কবির, সহকারী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য কর্মকর্তাকে আনুরোধ জানানো হয়।

অতঃপর জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও অগ্রগতির লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য / বাস্তবায়নে
০১	<p>প্রকল্পের নামঃ সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প এই প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরের মোট ৩৩৮ টি সাবমারসিবল পাম্প যুক্ত গভীর নলকূপের বরাদ্দের স্থান তালিকা পাওয়া গেছে। ১২২ টি গভীর নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে। নলকূপ পরিমাপ করণ, পানি টেস্টের জন্য স্যাম্পল সংগ্রহ, প্লাটফর্ম নির্মাণ, পাম্প স্থাপন কাজ চলমান আছে।</p> <p>আব্দুল্লাপুর ইউনিয়নে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই কাজের জন্য নির্ধারিত স্থান পাওয়া গেছে। পরীক্ষামূলক নলকূপ এবং সয়েল টেস্টের কাজ দ্রুত শুরু করা হবে।</p>	<p>কাজের গুণগত মান বজায় রাখা এবং নলকূপ স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>মূল স্ট্রাকচারের কাজ দ্রুত শুরু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p>
	<p>প্রকল্পের নামঃ পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প দিঘীরপাড় ইউনিয়নে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই কাজের ওভার হেড ওয়াটার ট্যাঙ্কের কাজ চলমান আছে। ৭০ ভাগ কাজ সম্পন্ন হয়েছে।</p>	<p>কাজের গুণগত মান বজায় রাখা এবং দ্রুত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p>
	<p>প্রকল্পের নামঃ GPS/NGGPS/PEDP 4 GPS/NGGPS প্রকল্পের মোট ১৬ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বেসিন সহ সাবমারসিবল পাম্প যুক্ত গভীর নলকূপের বরাদ্দের মধ্যে স্থান তালিকা অনুসারে প্লাটফর্ম নির্মাণ, পাম্প স্থাপন কাজ চলমান আছে।</p> <p>ওয়াশ ব্লক নির্মাণঃ কামারখাড়া ০১ নং সরকারি প্রাথমিক বিদ্যালয় ও দশতুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (মোট ০২ টি স্কুলের) ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে।</p>	<p>কাজের গুণগত মান বজায় রাখা এবং দ্রুত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p>

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ভাইস চেয়ারম্যান (সাধারণ)
টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ

ও

সভাপতি


জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

স্মারক নং : জঃস্বাঃপ্রঃদঃটংমুসীঃ/২০২২-২৩/ ৩১৮

তারিখ : ১৪/০২/২০২৩ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। চেয়ারম্যান, টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টংগিবাড়ী উপজেলা, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। জনাব সদস্য, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৫। সংশ্লিষ্ট নথি।



(মুহাম্মদ হুমায়ুন কবির)
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ) (জনস্বাস্থ্য)

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যবৃন্দ :

- ১। উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ২। চেয়ারম্যান, কামারখাড়া ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৩। চেয়ারম্যান, যশলং ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। চেয়ারম্যান, ধীপুর ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৫। উপ সহকারী প্রকৌশলী ও সদস্য সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।

ক্রমিক নং	নাম	পদ	স্বাক্ষর / মন্তব্য
১	উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি		
২	চেয়ারম্যান, কামারখাড়া ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি		
৩	চেয়ারম্যান, যশলং ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি		
৪	চেয়ারম্যান, ধীপুর ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি		
৫	উপ সহকারী প্রকৌশলী ও সদস্য সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি		